

৩৫

৫৫

## সমস্যা জর্জরিত কলেজে লেখাপড়া ব্যাহত

বিভিন্ন এলাকার বেশ কয়েকটি সরকারী ও বেসরকারী কলেজে শিক্ষক সন্নতা, প্রয়োজনীয় আসবাবপত্র ও সাজসজ্জামের অভাব, স্থানান্তর, আর্থিক সংকটসহ নানা সমস্যা বিরাজ করায় সংশ্লিষ্ট কলেজের ছাত্রছাত্রীদের লেখাপড়া ব্যাহত হইতেছে। খবর ইত্তেফাক সংবাদদাতাদের।

**লাশা :** চকরিয়া উপজেলার একমাত্র ডিগ্রী কলেজটি দীর্ঘদিন ধরিয়া বেশ কিছু মৌলিক সমস্যায় ভারাক্রান্ত থাকায় প্রায় দেড় হাজার

ছাত্র-ছাত্রীর সূষ্ঠ লেখা-পড়ার পরিবেশ গড়িয়া তোলা সম্ভব হইতেছে না। ৪৮ জন ছাত্র থাকার উপযোগী একটি দ্বিতল ছাত্রাবাস থাকিলেও মাত্র ১২ জন ছাত্র থাকিতে পারে। ছাত্রাবাসের উপর তলাকে অস্থায়ী বিজ্ঞানাগার এবং নীচের ৬টি কক্ষের ৩টিতে ৩ জন ব্যাচেলর অধ্যাপক থাকার কারণে এই অবস্থার উদ্ভব হইয়াছে। ছাত্রাবাসের নিজস্ব কোন শৌচাগার নাই এবং মেঝে পাকা না হওয়ায় নীচু জায়গা বলিয়া বছরের অধিকাংশ সময় স্যাঁতস্যাঁতে থাকে। কলেজে অধ্যক্ষসহ ২০ জন অধ্যাপক আছেন। শিক্ষকদের আবাসিক সংকট প্রকট। কলেজে কোন লাইব্রেরী, মসজিদ ও মিলনায়তন (৯ম পৃ: ৫৫)

### দৈনিক ইত্তেফাক ৯

## সমস্যা জর্জরিত কলেজে (৩য় পৃ: পর)

ভবন নাই। ১৯৮৮ সালে মসজিদ ভবনের কাজ শুরু করিয়া ৭৭ হাজার টাকা ব্যয়ের পর নীচের ফ্লোর পর্যন্ত পিলার তোলার পর অর্ধাভাবে অসমাপ্ত পড়িয়া আছে। লাইব্রেরী ভবন না থাকায় প্রধান ভবনের একটি কক্ষে বই পুস্তক রাখা হইয়াছে।

**কুড়িগ্রাম :** জেলা শহরের একমাত্র বেসরকারী কলেজ 'মজিদা আদর্শ মহাবিদ্যালয়টি' অর্ধাভাবে বন্ধ হইয়া যাইবার উপক্রম হইয়াছে। কলেজের ছাত্র-ছাত্রীরা জানাইয়াছে, তাহারা হোস্টেল, কমনরুম, খেলার সরঞ্জামাদির অভাবে নোংরা পরিবেশসহ নানা রকম সমস্যায় ভুগিতেছে।

শিক্ষকগণ জানাইয়াছেন, সরকারী অনুদান ছাড়া তাহারা প্রায় ৭ মাস ধরিয়া বেতন পাইতেছেন না। এদিকে কলেজের ছাত্র অভিভাবক, শুভাকঙ্কিগণ অভিযোগ করিয়াছেন যে, ১৯৮৫ সালে প্রতিষ্ঠিত এই কলেজটির জন্য একটি শক্তিশালী পূর্ণাঙ্গ পরিচালনা কমিটি অপরিহার্য হইয়া পড়িয়াছে। অন্যথায় সমস্যা আরও প্রকট হইয়া পড়িবে এবং কলেজটি বন্ধ হইয়া যাইবে। একজন সার্বক্ষণিক অধ্যক্ষ প্রয়োজন বলিয়াও শিক্ষক ও অভিভাবক মহলের অভিমত।

**বরগুণা :** বরগুণা সরকারী

কলেজটি শ্রেণী কক্ষ, জিমনেসিয়াম, ছাত্রাবাস, ছাত্রীনিবাস, শিক্ষকদের বাসভবন, বিজ্ঞানের যন্ত্রপাতি, গ্রন্থাগার এবং শিক্ষক সংকটসহ নানাবিধ সমস্যায় দীর্ঘদিন যাবৎ ভুগিতেছে। ছাত্র-ছাত্রীর প্রয়োজনের তুলনায় শ্রেণী

কক্ষ অপ্রতুল। শ্রেণী কক্ষের অভাবে অনেক সময় নির্ধারিত ক্লাস নেওয়া হয় না। একই কারণে সেমিনার কক্ষ এবং প্রাকটিক্যাল কক্ষ শ্রেণী কক্ষ হিসাবে ব্যবহার করা হয়। কলেজে পরীক্ষার হল না থাকায় এইচ,এস,সি এবং বি,এস,সি, বিএ, পরীক্ষা চলাকালীন প্রায় তিন মাস পর্যন্ত শিক্ষা বর্ষের অনেক ক্লাস বন্ধ রাখিতে হয়। উল্লেখ্য, গত ১৯৬৯ সনে বরগুণা কলেজ স্থাপিত হয় এবং ১৯৮০ সনে সরকারীকরণ করা হয়।

২০ জন ছাত্রের জন্য একটি ছাত্রাবাস থাকিলেও উহা বসবাসের অযোগ্য। বর্ষা মৌসুমে টিনের চালার ছিদ্রপথে পানি পড়িয়া মেঝে কর্দমাক্ত হইয়া যায়। একই অবস্থা ছাত্রী নিবাসের। ছাত্রী নিবাসের সীমানা দেয়াল না থাকায় অনেক সময় অযাচিত এবং অযাচিত লোকজন ঢুকিয়া পড়ে।

৪৯টি শিক্ষকের পদ থাকিলেও বর্তমানে ২৪ জন শিক্ষক আছেন। শিক্ষকদের জন্য কোন বাগাবাড়ী নাই।